

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
শাখা-৪  
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।  
www.ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০০৭.২২.৮২৮

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

**বিষয়: OLM কার্যক্রম সম্পর্কে সেবাগ্রহীতাদের অবহিতকরণ ও দক্ষতা বৃদ্ধির জন্য OLM মেলা আয়োজন প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা আঞ্চলিক দপ্তর, চট্টগ্রাম আঞ্চলিক দপ্তর, রাজশাহী আঞ্চলিক দপ্তর এবং খুলনা আঞ্চলিক দপ্তর কর্তৃক নিজস্ব অফিস প্রাঙ্গনে আগামী ১৫ ও ১৬ মে, ২০২৩ তারিখ অত্র দপ্তরের অনলাইন সেবা প্রদান সফটওয়্যার Online Licensing Module (OLM) এর মাধ্যমে সেবা গ্রহীতাগণকে সেবা প্রদান সম্পর্কিত যাবতীয় কার্যক্রমের বিষয়ে অবহিত করতে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত একটি OLM মেলার আয়োজন করা হয়েছে। উক্ত মেলায় নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হবেঃ

- সেবার জন্য আবেদন প্রক্রিয়া সম্পর্কে সম্পূর্ণ প্রক্রিয়া সরাসরি দেখানো এবং আবেদন রিসাবমিটে সম্পূর্ণ সহযোগিতা;
- পেমেন্ট প্রক্রিয়া সম্পর্কে অবহিতকরণ;
- যে কোন টেকনিক্যাল সমস্যার তাৎক্ষণিক সমাধান;
- OLM এ প্রদত্ত ৫৪ টি সেবা সম্পর্কে অবহিতকরণ;
- সিস্টেম আপগ্রেডেশন এর জন্য সেবাগ্রহীতা হতে পরামর্শ গ্রহণ।

২। উপর্যুক্ত বিষয়ে সেবাগ্রহণে আগ্রহী সেবাগ্রহীতাগণ মেলা থেকে সরাসরি সেবা গ্রহণ করতে পারবেন।



১১-০৫-২০২৩

মোঃ সিরাজুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

ac3.ho@ccie.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা;
- ২। সভাপতি,.....ইন্ডাস্ট্রিজ/এসোসিয়েশন/সমিতি,.....। (আপনার আওতাধীন আমদানিকারক ও রপ্তানিকারকগণ বরাবর প্রচারের জন্য অনুরোধসহ);
- ৩। নির্বাহী কর্মকর্তা-২, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইটে ও ফেসবুকে প্রদর্শনের অনুরোধসহ);
- ৪। টিম লিডার, সিনোসিস আইটি ফার্ম, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর ( মেলা আয়োজন উপলক্ষে প্রস্তুতকৃত ব্যানার OLM ড্যাশবোর্ডে আপ হিসেবে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো), এবং
- ৫। ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (প্রিনিক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

